# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 29.05.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) সপ্তম দফার ভোটের প্রচার শেষ হচ্ছে আগামীকাল।

তার আগে আজ কাকদ্বীপের জনসভায় প্রধানমন্ত্রী তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে অনগ্রসরদের সংবিধান প্রদত্ত সংরক্ষণের অধিকার কেড়ে নেওয়ার অভিযোগ করেন।

নদী ভাঙন ঠেকাতে কেন্দ্রের পাঠানো টাকা আত্মসাৎ করারও অভিযোগ করেছেন তিনি।

২) অভিযোগ অস্বীকার করে মুখ্যমন্ত্রী বলেছেন, অসত্য বলছেন প্রধানমন্ত্রী। নরেন্দ্র মোদীর বাংলায় সবচেয়ে বেশি আসন পাওয়ার দাবিকেও চ্যালেঞ্জ জানিয়েছেন তিনি।

৩) কয়লা পাচার কান্ডে সি বি আই ফের তৃণমূল কংগ্রেস বিধায়ক শওকত মোল্লাকে তলব করেছে। তবে, ভোটের ফল প্রকাশ পর্যন্ত সময় চেয়েছেন তিনি।

৪) অরবিন্দ মন্ডল বিশ্বভারতীর নতুন ভারপ্রপ্ত উপাচার্য হয়েছেন ।

৫) উত্তরবঙ্গের একাধিক জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সপ্তম তথা চূড়ান্ত দফার ভোটের প্রচার শেষ হচ্ছে আগামীকাল। তার আগে শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপে জনসভা করেন। ওবিসি সংরক্ষণ, দুর্নীতি ও স্বজনপোষন ইস্যুতে তৃনমূল কংগ্রেসকে আক্রমণের নিশানা করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, দেশের সংবিধান দলিতদের সংরক্ষণের অধিকার দিয়েছে, কিন্তু বাংলায় সেই অধিকার কেড়ে নিচ্ছে শাসকদল। এপ্রসঙ্গে কলকাতা হাইকোর্টের সাম্প্রতিক রায়ের উল্লেখ করেন তিনি।

(বাইট)

নদী বাঁধ রক্ষায় কেন্দ্রের পাঠানো টাকা তৃণমূল কংগ্রেস আত্মসাৎ করছে বলেও প্রধানমন্ত্রী অভিযোগ করেন।

(বাইট)

অভিযোগ অস্বীকার করে তৃনমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বারুইপুরের জনসভায় বলেন, প্রধানমন্ত্রী অসত্য বলছেন।

(বাইট)

নির্বাচনী প্রচারের মধ্যেই আজ বিকেলে আকাশপথে সুন্দরবন এলাকায় ঘূর্নিঝড়ে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী।

গতকাল উত্তর কলকাতার যে পথে প্রধানমন্ত্রী রোডশো করেছিলেন, সেই পথেই শ্যামবাজার পাঁচমাথার মোড় থেকে সিমলা স্ট্রীটের স্বামী বিবেকানন্দের বসত বাড়ি পর্যন্ত তিনি আজ পদযাত্রা করেন।

মেটিয়াবুরুজের জনসভাতেও প্রধানমন্ত্রীকে তীব্র আক্রমণ করেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, কেন্দ্রীয় এজেন্সি দিয়ে তাঁকে ভয় দেখানো যাবে না।

বাংলায় সবচেয়ে বেশি আসন পাওয়ার যে দাবি করেছেন প্রধানমন্ত্রী, তাকে চ্যালেঞ্জ জানান তিনি।

(বাইট)

এদিকে, ভাঙ্গড়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সভার অনুমতি দিয়েও পুলিশ তা প্রত্যাহার করে নেওয়ার পর আজ সেখানেই সাংবাদিক বৈঠক করেন শুভেন্দু। তিনি বলেন, শনিবার শাসক দলের ভোট লুঠ আটকাতে তৃনমূল কংগ্রেস বিরোধী সব

দলকে একসঙ্গে প্রতিরোধ গড়ে তুলতে হবে। বিজেপির লড়াই এখন তৃনমূল কংগ্রেসের সঙ্গে নয়, পুলিশের সঙ্গে বলেও মন্তব্য করেন শুভেন্দু।

০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচনী প্রচারে আজ ফের রাজ্যে এসেছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। কলকাতায় পৌঁছে দক্ষিণ কলকাতায় একটি রোড শোয়ে যোগ দিয়েছেন তিনি। শহীদ মিনার ময়দানে আজ রাতে ড্রোন শোর আয়োজন করেছে বিজেপি।

তারকা প্রচারক মিঠুন চক্রবর্তী আজ কলকাতা উত্তর কেন্দ্রের বিজেপি প্রার্থীর সমর্থনে রোড শো করেন।

০০০০০০০০০০০০০০০০০০

ডায়মন্ড হারবার কেন্দ্রের প্রার্থীকে নিয়ে আজ সাতগাছিয়া বিধানসভা কেন্দ্রের নোদাখালি থেকে বিষ্ণুপুরের পৈলান পর্যন্ত রোড শো করেন সিপিআইএমের রাজ্য সম্পাদক মহঃ সেলিম, প্রাক্তন সাংসদ শমিক লাহিড়ী, কংগ্রেস নেতা সৌম্য আইচ রায়, রতন বাগচি প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০০

শনিবার শেষ দফার ভোটের আগে ঘূর্ণিঝড় রিমালের তান্ডবে ক্ষতিগ্রস্ত বুথগুলির দ্রুত মেরামত করার নির্দেশ দিয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। দুই ২৪ পরগনায় ক্ষতিগ্রস্ত বুথগুলি স্থানান্তরের কোন প্রয়োজন হবে না বলে জেলাশাসকরা তাঁকে জানিয়েছেন। শেষ দফার ভোট অশান্তিমুক্ত রাখতে কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি থাকছে ১ হাজার ৯৫০-টি ক্যুইক রেসপন্স টিম।

এই দফায় যে ৯-টি আসনে ভোট নেওয়া হবে, তার মধ্যে রয়েছে ডায়মন্ড হারবার। নজরকাড়া এই কেন্দ্রটি নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন ।

(ভয়েসকাস্ট)

oooooooooooooooooooo

শনিবার ভোটগ্রহণ দক্ষিণ ২৪ পরগনার সবকটি লোকসভা কেন্দ্রে। তার আগে কয়লা পাচার কাণ্ডে আজ ক্যানিং পূর্বের তৃণমূল কংগ্রেস বিধায়ক শওকত মোল্লাকে তলব করে সিবিআই। জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে নিজাম প্যালেসে ডাকা হয়। তবে সিবিআই সূত্রের খবর, এখনই হাজিরা দিচ্ছেন না শওকত। কেন্দ্রীয় সংস্থার কাছে সময় চেয়ে তিনি জানিয়েছেন, নির্বাচনের কারণে এই মুহূর্তে ভোটের কাজে ব্যস্ত আছেন। ভোট মিটলে হাজিরা দেবেন। আগামী ৪ ঠা জুন ভোটের ফল জানা যাবে। ঐ দিন পর্যন্ত সময় চেয়েছেন শওকত। তিনি যে এলাকার দলীয় পর্যবেক্ষক, সেই ভাঙড় বিধানসভা খন্ড যাদবপুর লোকসভা কেন্দ্রের মধ্যে পড়ে। অন্য দিকে, তাঁর বিধানসভা ক্ষেত্র ক্যানিং পূর্ব পড়ে জয়নগর কেন্দ্রের মধ্যে।

oooooooooooooooooooo

**বিশ্বভারতীর নতুন ভারপ্রাপ্ত উপাচার্য হলেন, পল্লী সংগঠন বিভাগের অধ্যক্ষ ও বিশ্বভারতীর কর্ম সমিতির পরিষদের সদস্য অরবিন্দ মণ্ডল। ২৫ মে শেষ হয়েছিল ভারপ্রাপ্ত উপাচার্য সঞ্জয় মল্লিকের কার্যকালের মেয়াদ। বিশ্বভারতীর জনসংযোগ আধিকারিক অতীগ ঘোষ আজ বিজ্ঞপ্তি প্রকাশ করে জানান, বিশ্বভারতীর নতুন ভারপ্রাপ্ত উপাচার্য হলেন অরবিন্দ মণ্ডল।**

oooooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, আবাসিক পড়ুয়াদের জন্য নতুন নির্দেশিকা জারি করেছে। ফাইনাল পরীক্ষা শেষ হয়ে যাওয়ার সাত দিনের মধ্যে হস্টেল ছাড়তে হবে বলে সম্প্রতি নতুন বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে। গবেষকদের থিসিস পেপার জমা দেওয়ার এক মাসের মধ্যে হোস্টেল ছাড়তে হবে।

অন্যদিকে বহিরাগত আবাসিকদের হোস্টেল খালি করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, গতবছর বিশ্ববিদ্যালয়ের মেন হোস্টেলে বাংলা বিভাগের এক নবাগত ছাত্রের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় হস্টেলে থাকা সিনিয়রদের বিরুদ্ধে র‍্যাগিং ও খুনের অভিযোগ ওঠে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশের উত্তর-পশ্চিম দিক থেকে বাংলাদেশের পশ্চিমভাগ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। শুক্রবার পর্যন্ত কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে দার্জিলিং ও কালিম্পং জেলার জন্য । শনিবার এই জেলাগুলির সঙ্গে উত্তর দিনাজপুরেও ভারী বৃষ্টি হতে পারে।

এদিকে, সিকিমের পাহাড়ে অবিরাম বৃষ্টির জেরে তিস্তার জলস্তর বৃদ্ধি পাওয়ায়, গাজলডোবা ব্যারেজ থেকে দফায় দফায় জল ছাড়া হচ্ছে। বিবেকানন্দপল্লী এলাকায় বাঁধের কাছাকাছি পৌঁছে গেছে তিস্তার জল। ফলে স্থানীয় বাসিন্দারা উদ্বিগ্ন। পঞ্চায়েতের তরফে মানুষজনকে সতর্ক করা হচ্ছে। ক্রান্তি ব্লকের চ্যাংমারি গ্রাম পঞ্চায়েত এলাকায় জলবন্দি হয়ে পড়েছেন, ৫০-টির বেশি পরিবার। প্রশাসনের আধিকারিকরা আজ সেখানে গিয়ে তাদের সঙ্গে কথা বলেন। ত্রাণ শিবিরে যাওয়ার কথাও বলা হয় তাদের। বিলি করা হয় শুকনো খাবার ও ত্রিপল।

শিলিগুড়ি শহরে গতকাল প্রবল ঝড়বৃষ্টিতে একাধিক জায়গায় গাছ উপড়ে পড়ে। তার ছিঁড়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যায় বিভিন্ন এলাকা।

ঝড়ের তান্ডবে কোচবিহারের তুফানগঞ্জের নাককাটিগছ গ্রাম পঞ্চায়েতের বিস্তীর্ণ এলাকা গতরাতে লন্ডভন্ড হয়ে যায়। ৩০-টির বেশি বাড়ি ক্ষতিগ্রস্ত। বেশকিছু জায়গায় গাছ উপড়ে, বিদ্যুতের তার ছিঁড়ে স্বাভাবিক জনজীবন ব্যাহত হয়।

০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুর জেলার তমলুকের শ্রীরামপুরে গাড়ি দুর্ঘটনায় ২ জনের মৃত্যু হয়েছে। আজ দুপুরে নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার পাশে পুকুরে পড়ে যায়। স্থানীয় লোকজন আরোহীদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে ৩৫ বছরের শুকদেব মাজি ও বছর ৪৫-এর বিদ্যুৎ শাসমলকে মৃত ঘোষণা করা হয়। গাড়ির চালক পলাতক।

০০০০০০০০০০০০০০০০০০

পঞ্জাব যাওয়ার পথে নিউ জলপাইগুড়ি জিআরপি, সাত রোহিঙ্গাকে গ্রেফতার করেছে। এদের মধ্যে চারজন মহিলা ও এক শিশু রয়েছে। এরা সকলেই বাংলাদেশের কুতুপালং উদ্বাস্তু শিবিরে থাকতো। জানা গেছে, দিল্লি হয়ে পাঞ্জাব যাওয়ার উদ্দেশ্যে বদরপুর জংশন থেকে উত্তরপূর্ব সম্পর্কক্রান্তি এক্সপ্রেসে ওঠে এই দলটি। নির্দিষ্ট খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে এন জে পি স্টেশনের তিন নম্বর প্ল্যাটফর্ম থেকে পুলিশ এদের পাকড়াও করে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০